মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

এইচএসসি পরীক্ষা-২০২৬ (সাপ্লিমেন্টারি) ফরম পূরণের বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর- রাশিবো/উমা/পনি-৩০৫ তারিখ: ০৪ নভেম্বর ২০২৬ খ্রি.

২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করে সর্বোচ্চ ০২(দুই) বিষয়ে অকৃতকার্য (চতুর্থ বিষয় ব্যতীত) হয়েছে তাদের সাপ্লিমেন্টারি পরীক্ষা আগামী ০১/১২/২০২৬ খ্রি. থেকে শুরু হবে। এই লক্ষ্যে ২০২৬ সালের এইচএসসি (সাপ্লিমেন্টারি) পরীক্ষার আবেদন ফরম পূরণের কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।

২. পরীক্ষার্থীদের পরীক্ষার প্রয়োজনীয় ফি বাবদ বোর্ডে প্রদেয় অর্থ সোনালী ব্যাংক লিমিটেডের যে কোন শাখা থেকে সোনালী সেবার মাধ্যমে সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর অনুকূলে জমা করে জমাকৃত সোনালী সেবার রশিদ শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

৩. **Online-এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable List) প্রদর্শন ও ফরম পূরণ:** শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইট **(www.rajshahieducationboard.gov.bd)**-এ অতি শিঘ্রই প্রকাশ করা হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ০৫/১১/২০২৬ খ্রি. থেকে ০৯/১১/২০২৬ খ্রি. এর মধ্যে **Online**-এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ **(eFF)** সম্পন্ন করতে হবে। সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেয়ার সর্বশেষ তারিখ ১০/১১/২০২৬। পরীক্ষার ফি ব্যাংকে জমা দেয়ার ২৪ ঘন্টার মধ্যে **Final Candidate List Print Active** হবে। **Final Candidate List Print** করে যাচাইপূর্বক পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

৪. পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ০১(এক) কপি সংরক্ষণ করতে হবে।

৫. **ইলেক্ট্রনিক ফরম ফিলাপ (eFF) এর কার্যক্রমের বিবরণ ও সময়সূচি নিম্নোক্ত ছকে দেয়া হলো:**

ক্রমিক	কাজের বিবরণ	তারিখ
(ক)	প্রদর্শিত সম্ভাব্য তালিকা হতে Online - এ পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন "সোনালী সেবার" মাধ্যমে ফিসের অর্থ জমা দেয়ার তারিখ: উল্লেখ্য, (ক) একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে রেজিষ্ট্রেশন নম্বরেরর ভিত্তিতে সর্বোচ্চ সতর্কতার সাথে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোন পরীক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। এরুপ ভুলের জন্য যাবতীয় দায় শিক্ষা প্রতিষ্ঠানপ্রধানকে বহন করতে হবে। (খ) নির্বাচিত পরীক্ষার্থীদের তালিকা মুদ্রণ করে প্রতিষ্ঠান প্রধান ও পরীক্ষার্থীর স্বাক্ষরসহ তালিকা সংরক্ষণ করতে হবে।	০৫/১১/২০২৬ হতে ০৯/১১/২০২৬
(খ)	"সোনালী সেবার" মাধ্যমে ফি জমা দেয়ার শেষ তারিখ:	১০/১১/২০২৬

৬. পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি এককপি শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

৭. পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস সংক্রান্ত :

নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ২০২৬ সালের পূর্ণাঙ্গ পাঠ্যসূচি এবং অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ২০২৫ সালের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি অনুযায়ী সাপ্লিমেন্টারি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৮. পরীক্ষার ফি:

ক. তত্ত্বীয়: প্রতি পত্র (নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী) : ১২৫/- (একশত পঁচিশ টাকা)

খ. ব্যবহারিক : প্রতি পত্র (নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী) : ২৫/- (পঁচিশ টাকা)

৯. কেন্দ্র ফি সংক্রান্ত (এইচএসসি পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরিশোধ করতে হবে):

(ক) এইচএসসি (সাপ্লিমেন্টারি) পরীক্ষার কেন্দ্র ফি জনপ্রতি ৪৫০/-(চারশত পঞ্চাশ) টাকা।

(খ) তত্ত্বীয় বিষয়সমূহের আদায়কৃত কেন্দ্র ফি হতে প্রত্যেক কলেজ ১০% টাকা নিজস্ব ব্যয়ের জন্য রেখে অবশিষ্ট ৯০% টাকা পরীক্ষা কেন্দ্রের ব্যয়ভার নির্বাহের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদান করতে হবে। বোর্ড অফিস হতে অব্যবহৃত উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য সাজসরঞ্জাম সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে।

১০. পরীক্ষার ফি এবং কাগজপত্র শিক্ষা বোর্ডে জমা দেয়ার নিয়মাবলি সংক্রান্ত :

(ক) পরীক্ষার যাবতীয় ফি শিক্ষা বোর্ডের সচিবের অনুকূলে কেবল সোনালী ব্যাংক লিমিটেডের যে কোন শাখা হতে সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে। কোনক্রমেই নগদ টাকা, পে-অর্ডার , পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারি চালান ইত্যাদিতে বোর্ডের ফি গ্রহণ করা হবে না।

(খ) সোনালী ব্যাংকের সোনালী সেবার কপি ও পরীক্ষার্থীদের স্বাক্ষর সম্বলিত চূড়ান্ত প্রিন্ট কপি, উভয়ের ফটোকপি রাজশাহী শিক্ষা বোর্ডের হিসাব(আয়) শাখায় এককপি, উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখায় এককপি ১৫/১১/২০২৬ তারিখে জমা দিতে হবে এবং এককপি শিক্ষা প্রতিষ্ঠান সংরক্ষণ করবেন।

(গ) এই বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোনক্রমেই **পরীক্ষার ফি ও অন্যান্য** কাগজপত্র গ্রহণ করা হবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

4.11.26

প্রফেসর ইফফাত জেরীন
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
টেলিফোন নম্বর : ০২৫৮৮৮৫৬২৩১
controller@rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর- রাশিবো/উমা-১/০৯(২য় খন্ড)/পনি-৫২৫(১২০০) তারিখ: ০৪ নভেম্বর ২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কাযার্থে অনুলিপি প্রেরিত হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ;

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ;
২. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী ;
৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী ;
৪. জেলা প্রশাসক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট ;
৫. অধ্যক্ষ, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন মঞ্জুরীপ্রাপ্ত সকল মহাবিদ্যালয় ;
৬. উপজেলা নির্বাহী অফিসার, রাজশাহী বিভাগের সকল উপজেলা ;
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী ;
৮. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
৯. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
১০. সকল কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী ;
১১. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, গ্রেটার রোড শাখা, রাজশাহী ;
১২. একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী ;
১৩. অফিস কপি

৪/১১/২৬

মোছা. সেলিনা পারভীন
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চ মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
টেলিফোন নম্বর : ০২৫৮৮৮৫৫৯২১ (অফিস)
dch@rajshahieducationboard.gov.bd